দৈনিক ইনকিলাব

তারিখ 0.8 OCT 1987

পৃষ্ঠা 4 কলাম 4

043

# কুমিল্লা শিক্ষাবোর্ডে অচল অবস্থার সৃষ্টি হয়েছে

কুমিল্লা, ৭ অক্টোবর (সংবাদদাতা)।— কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যানকে দায়িত্ব পালন থেকে বিরত থাকার ব্যাপারে স্থানীয় সহকারী জজ কোর্টের অস্থায়ী নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর বোর্ডের সচিব কাজী শফিকুর রহমানের একগুয়েমীর ফলে গত ২৮ দিন যাবৎ বোর্ডের প্রশাসনিক কাজকর্মে মারাত্মক অচলাবস্থা সৃষ্টি হয়েছে।

উল্লেখ্য যে, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ আগস্ট তারিখের নির্দেশক্রমে বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ লুৎফুর রাহমান অবসর গ্রহণ পূর্বকালীন ছুটিতে যাবার সময় বোর্ডের সর্বপেক্ষা সিনিয়র কর্মকর্তা জনাব আবদুর রশীদ খানকে (কলেজ পরিদর্শক) অস্থায়ীভাবে চেয়ারম্যানের দায়িত্ব প্রদানের ২ দিন পর বোর্ডের সচিব কাজী শফিকুর রহমান আদালতে মামলা দায়ের করলে বিজ্ঞ সহকারী জজ অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেন। উভয়পক্ষের শুনানীর পর বিজ্ঞ আদালত গত ১৪ সেপ্টেম্বর উক্ত নিষেধাজ্ঞা প্রত্যাহার করেন এবং বাদীর মামলাটি যথাযথভাবে দায়ের করা হয়নি বলে রায়ে জানান। তাতেও বোর্ডের সচিব অবৈধভাবে বোর্ডের প্রশাসনিক জটিলতা অব্যাহত রাখেন। গত ২৪ সেপ্টেম্বর সংখ্যায়, বাংলাদেশ গেজেটে প্রকাশিত শিক্ষা মন্ত্রণালয়ের আদেশটিতে "রাষ্ট্রপতির আদেশক্রমে" মুদ্রণ থাকা সত্ত্বেও উক্ত সচিবের একগুয়েমী পরিহার হয়নি।

প্রকাশ, বোর্ডের সচিব পুনরায় একই আদালতে মহামান্য রাষ্ট্রপতির উক্ত আদেশের বিরুদ্ধে মামলা দায়েরসহ অস্থায়ী নিষেধাজ্ঞা প্রার্থনা করেছেন।

বোর্ডের এহেন অচলাবস্থার কারণে ১৯৮৭ এইচ, এস, সি, পরীক্ষার ফলাফল প্রকাশে বিলম্বসহ মারাত্মক পরিণতির কারণ সৃষ্টি হতে পারে।